# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 26 June, 2025

ভারতের তরুণ তারকা ক্রিকেটার রিংকু সিংকে উত্তরপ্রদেশ সরকার বেসিক এডুকেশন অফিসারের পদে নিয়োগ দিতে পারে।টাইমস অব ইন্ডিয়া, এনডিটিভি ও নিউজ১৮সহ বিভিন্ন গণমাধ্যম জানিয়েছে, বেসিক এডুকেশন পরিচালক ইতোমধ্যে মেডেল উইনার্স ডিরেক্ট রিক্রুটমেন্ট বিধি-২০২২ এর অধীনে রিংকুর নিয়োগের জন্য একটি চিঠি ইস্যু করেছেন।এটি আন্তর্জাতিক অ্যাথলেটদের সম্মাননা প্রদানের নীতির অংশ।

১৯৯৭ সালের ১২ অক্টোবর আলিগড়ে জন্ম নেওয়া রিংকু সিংকে জীবন সংগ্রামের গল্প অনুপ্রেরণামূলক। তার বাবা আগে গ্যাস সিলিন্ডার বিতরণের কাজ করতেন এবং ছোটবেলায় রিংকুও তাকে সহায়তা করতেন।ব্যাটিং প্রতিভা ধীরে ধীরে স্কুল ও ঘরোয়া ক্রিকেটে খোদাই করে জাতীয় দলে জায়গা পেয়েছেন তিনি।বর্তমানে কলকাতা নাইট রাইডার্সের হয়ে আইপিএল খেলছেন এবং জাতীয় দলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

সম্প্রতি সমাজবাদী পার্টির সংসদ সদস্য প্রিয়া সরোজের সঙ্গে রিংকু সিংয়ের বাগদান সম্পন্ন হয়েছে।আগামী নভেম্বর বিয়ে হওয়ার কথা থাকলেও তা কিছুদিন পিছিয়ে যেতে পারে।

ক্রিকেট ক্রিকেটার রিংকু সিংক,ভারত বাংলাদেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:46

URL: https://www.timestodaybd.com/public/sports/7758073748